সংবাদ

তারিখ ..24 OCT 2015...

পৃষ্ঠা ..১১.. কলাম....১......

# ইবিতে নতুন তিন বিভাগ, আসন বেড়েছে ২৩০

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়ে নতুন তিনটি বিভাগের অনুমোদন দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। নতুন তিনটি বিভাগ হলো লোক সাহিত্য, মার্কেটিং এবং রাষ্ট্রবিজ্ঞান। নতুন তিনটি বিভাগের অনুমোদন পাওয়ায় আরও ২৩০ টি আসনে শিক্ষর্থীরা ভর্তির সুযোগ পাবে। ২০১৫-১৬ শিক্ষাবর্ষ থেকেই সম্প্রতি অনুমোদন পাওয়া তিনটি বিষয়ে শিক্ষার্থীরা ভর্তির সুযোগ পাবে বলে নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আবদুল লতিফ।

রেজিস্ট্রার দপ্তর সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) সম্প্রতি ইসলামী বিশ্ববিদ্যালয়ে নতুন তিনটি বিভাগ চালুর অনুমোদন দিয়েছেন। নতুন তিনটি বিভাগ লোক সাহিত্য, মার্কেটিং এবং রাষ্ট্রবিজ্ঞান। নতুন তিনটিসহ বিশ্ববিদ্যালয়ে এখন বিভাগের সংখ্যা ২৫টি। নতুন তিনটি বিভাগে ২০১৫-১৬ শিক্ষাবর্ষ থেকে শিক্ষা কর্যক্রম শুরু হবে। এ তিন বিভাগে আসন সংখ্যা ২৩০টি। যার ফলে এখন বিশ্ববিদ্যালয়ের ৫টি অনুষদভুক্ত ২৫ টি বিভাগে ১৬৯৫ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে। লোক সাহিত্য বিভাগে ৮০টি এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ৭৫ আসন নির্ধারণ করা হয়েছে। এ বিভাগ দুইটি মানবিক ও সমাজবিজ্ঞান অনুষভুক্ত করা হয়েছে। তবে ভর্তি পরীক্ষার ক্ষেত্রে লোক সাহিত্য বিভাগকে "বি" ইউনিট এবং রাষ্ট্রবিজ্ঞানকে 'সি' ইউনিটের অন্তর্ভুক্ত করা হয়েছে। মার্কেটিং বিভাগে ৭৫টি আসন নির্ধারণ করেছেন এবং এ বিভাগটি ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত করা হয়েছে। ভর্তি পরীক্ষায় মার্কেটিং বিভাগ 'জি' ইউনিটভুক্ত থাকবে।